

যোগাযোগ করুন

Erie County

## Cancer Services Program

Your partner for cancer screening, support and information



ফোন নম্বর

৭১৬-৮৫৮-৭৩৭৬



ওয়েবসাইট

cspwny.org



আমাদের ঠিকানা

৯৫ ফ্র্যাঙ্কলিন স্ট্রিট

সুট ৯০৯

বাফেলো, নিউইয়র্ক ১৪২০২



“

আপনি জানেন কি...

সাধারণত ৫০ বা তার বেশি বয়সী নারীদের স্তন ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি। ৫০ থেকে ৭৪ বছর বয়সী নারীদের অন্তত দুই বছরে একবার ম্যামোগ্রাম করানো উচিত।

যারা কখনো স্ক্রিনিং করেননি সাধারণত তাদের জরায়ু ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি বেশি।

প্রতি ১০ এর মধ্যে প্রায় ৯ জন কোলোরেক্টাল ক্যান্সারে (মলদ্বারের ক্যান্সার) আক্রান্ত রোগীর বয়স ৫০ বা তার বেশি। তাই ৪৫ থেকে ৭৫ বছর বয়সী সকলের কোলোরেক্টাল ক্যান্সার স্ক্রিনিং করানো উচিত।



## এরি কাউন্টি ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য জানুন

ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম উপযুক্ত মহিলা এবং পুরুষদের জন্য বিনা খরচে স্তন, জরায়ু এবং কোলন ক্যান্সার স্ক্রিনিং প্রদান করে।

যোগাযোগ করুন ৭১৬-৮৫৮-৭৩৭৬

Erie County

## Cancer Services Program

Your partner for cancer screening, support and information

## ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম কি?

ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম নিউইয়র্ক স্টেটের একটি ক্যান্সার স্ক্রীনিং প্রোগ্রাম। আমরা স্তন, জরায়ু এবং কোলোরেক্টাল ক্যান্সার স্ক্রীনিং এবং ফলো-আপ পরিষেবাগুলি বিনা মূল্যে প্রদান করি তাদের, যারা:

- নিউইয়র্ক স্টেটে বসবাস করে;
- যাদের হেলথ ইন্সুরেন্স নেই;
- যাদের হেলথ ইন্সুরেন্স কো-পে আছে, যা স্ক্রীনিং এর খরচ কে বাড়িয়ে দেয়; এবং
- বয়স এবং আয় অনুযায়ী উপযুক্ত।



## কেন ক্যান্সারের জন্য স্ক্রীনিং করা উচিত?

ক্যান্সার স্ক্রীনিং জীবন বাঁচাতে পারে। ক্যান্সারের কোন লক্ষণ বা সমস্যা দেখা দেয়ার আগেই স্ক্রীনিং করে ক্যান্সারের উপস্থিতি বোঝা যায়।

স্ক্রীনিং করে স্তন, জরায়ু এবং কোলোরেক্টাল ক্যান্সার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করা হলে চিকিৎসা এবং জীবন রক্ষা করা সম্ভব।

জরায়ু এবং কোলোরেক্টাল ক্যান্সার প্রাথমিক পর্যায়ে শনাক্ত করা গেলে প্রতিরোধ করা যেতে পারে।

Erie County

**Cancer Services Program**

Your partner for cancer screening, support and information



## ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম কি প্রদান করে?

ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম ক্যান্সার স্ক্রীনিং, ফলো-আপ পরীক্ষা, চিকিৎসা এবং অন্যান্য সহায়তা পেতে সাহায্য করে।

### ক্যান্সার স্ক্রীনিং

**ক্যান্সার স্ক্রীনিং  
জীবন বাঁচাতে পারে!**

স্তন ক্যান্সার স্ক্রীনিং

- মহিলা যাদের বয়স ৪০ বা তার বেশি
- মহিলা যাদের বয়স ৪০ বা তার কম কিন্তু স্তন ক্যান্সারে আক্রান্ত হওয়ার ঝুঁকি আছে\*

জরায়ু ক্যান্সার স্ক্রীনিং

- মহিলা যাদের বয়স ৪০ বা তার বেশি

কোলোরেক্টাল ক্যান্সার স্ক্রীনিং

- ৪৫ বা তার বেশি বয়সী সবাই যাদের কোলোরেক্টাল ক্যান্সারের গড়পরতা ঝুঁকি রয়েছে
- কোলোরেক্টাল ক্যান্সারে আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকিগ্রস্ত সবাই\*

\*কারা উচ্চ ঝুঁকিগ্রস্ত সেই সিদ্ধান্ত শুধুমাত্র নিউইয়র্কস্টেট-লাইসেন্সপ্রাপ্ত স্বাস্থ্যসেবা প্রদানকারীরা দিতে পারবেন।

### অস্বাভাবিক পরীক্ষার জন্য ফলো-আপ

যদি স্ক্রীনিং পরীক্ষায় কোন অস্বাভাবিকতা ধরা পড়ে ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম আরো পরীক্ষা করবে, যাকে ডায়াগনস্টিক টেস্ট বলা হয়। এই পরীক্ষাগুলি দ্বারা নিশ্চিতভাবে ক্যান্সারের উপস্থিতি সনাক্ত করা যায়।

### চিকিৎসা সেবায় সহায়তা

- যাদের স্তন, জরায়ু বা কোলোরেক্টাল ক্যান্সার শনাক্ত হয়, ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম তাদের নিউ ইয়র্ক স্টেট মেডিকেড ক্যান্সার ট্রিটমেন্ট প্রোগ্রামে (MCTP) তালিকাভুক্ত হতে সাহায্য করে। MCTP একজন ব্যক্তির ক্যান্সারের চিকিৎসার পুরো সময়ের জন্য সম্পূর্ণ মেডিকেড প্রদান করে।

কোন পুরুষ প্রোস্টেট ক্যান্সারে আক্রান্ত শনাক্ত হলে, একজন ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রামে অংশগ্রহণকারী স্বাস্থ্যসেবা প্রদানকারী তাকে MCTP-তে তালিকাভুক্ত করতে সক্ষম হতে পারে।

দ্রষ্টব্য: ক্যান্সার সার্ভিসেস প্রোগ্রাম প্রোস্টেট ক্যান্সার স্ক্রীনিং বা ডায়াগনস্টিক পরীক্ষার জন্য অর্থ প্রদান করে না।

